New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

ওয়্যাক্সিং এর আবেদন

দ্রুততর ও সহজতর প্রক্রিয়ার জন্য, লাইসেন্সিং পরিষেবা শাখা আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে উৎসাহ দেয়। অনলাইন পরিষেবার ব্যবহার আপনার আবেদন ও আপডেটের পরিবর্তনের সময়কে দ্রুততর করে এবং আপনাকে গোটা লাইসেন্স প্রক্রিয়া ধরে আপনার লাইসেন্সের রেকর্ড দেখার ও তাতে প্রবেশের সুযোগ করে দেয়।

এখানে আমাদের ওয়েবসাইট দেখুন: ***www.dos.ny.gov***

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশগুলির অনলাইন বিভাগ দেখে নিন।

আবেদন সম্পূর্ণ করার আগে যত্ন সহকারে নির্দেশগুলি পড়ে নিন। যাবতীয় ফিল্ড বাধ্যতামূলক, অসম্পূর্ণ আবেদনপত্রগুলি ফেরত পাঠানো হবে, যাতে বিশেষ অনুমতিপত্র গ্রহণের প্রক্রিয়া বিলম্বিত হবে। কোনো আবেদনপত্রে বা সমর্থনকারী নথিপত্রে কিছু বাদ দিলে, খুঁতযুক্ত হলে বা পুরোপুরি প্রকাশে ব্যর্থ হলে তাকে লাইসেন্স প্রত্যাখ্যান করার যথেষ্ট কারণ বলে ধরা হবে অথবা লাইসেন্স জারি করা হয়ে থাকলে এর ফলে লাইসেন্সটি স্থগিত বা বাতিল করা হতে পারে।

ওয়্যাক্সিং এর প্রয়োগের আওতায় কী আসে?

ওয়্যাক্সিং এর প্রয়োগ এর অর্থ হল ফি নিয়ে (অথবা কোনো বিবেচনা বা বিনিময়, প্রত্যক্ষ হোক বা পরোক্ষ) সেই পরিষেবা প্রদান করা যাতে লোমনাশক, মোম বা সন্না ব্যবহার করে লোম তুলে ফেলার দ্বারা কোনো মানুষের মুখমণ্ডল, ঘাড়, বাহু, পা বা কাঁধের চেহারা উন্নত করা। ওয়্যাক্সিং এর প্রয়োগের মধ্যে ইলেক্ট্রোলজি পড়ে *না*।

ওয়্যাক্সিং এর লাইসেন্সের জন্য কাদের আবেদন করা আবশ্যক?

উপরের বর্ণনা অনুসারে আইনে যে কোনো ওয়্যাক্সিং এর প্রয়োগ করা ব্যক্তির ওয়্যাক্সিং এর লাইসেন্স থাকার প্রয়োজন। একটি ওয়্যাক্সিং এর লাইসেন্স আপনাকে একটি ব্যবসা চালানোর পারমিট দেয় না; একটি পৃথক ব্যবসায়িক আবেদন পূরণ করা ও একটি পৃথক ব্যবসায়িক লাইসেন্স প্রাপ্ত করা আবশ্যক।

বিশেষ অনুমতিপত্রের জন্য আবেদন করতে আমার কোন কোন যোগ্যতার ও সমর্থনকারী নথিপত্রের প্রয়োজন?

আপনি অন্তত 17 বয়সী হলে আপনি এই ভিত্তিতে ওয়্যাক্সিং এর লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন:

1) নিউ ইয়র্ক স্টেট শিক্ষা ও পরীক্ষা (সাময়িকলাইসেন্সের যোগ্য)

এই স্টেটের মধ্যে কাজ করতে আপনার 75 ঘণ্টার অনুমোদিত অধ্যয়ন পাঠ্যক্রম সম্পূর্ণ করা এবং নিউ ইয়র্ক স্টেটের লিখিত পরীক্ষা পাশ করা আবশ্যক।

সফলভাবে পড়াশোনা সম্পূর্ণ করার প্রমাণস্বরূপ আপনার আবেদনপত্রের **নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত পড়াশোনার অংশটির নিশ্চিতকরণ** আপনার স্কুলের পরিচালকের দ্বারা সম্পূর্ণ করানো আবশ্যক।

NYS লাইসেন্স সেন্টার ব্যবহার করে অনলাইনে আবেদনের জন্য, আপনার নিজের স্কুলের শংসাপত্রে তালিকাভুক্ত পাঠ্যক্রমের কোড প্রবেশ করানো আবশ্যক। অনলাইন শংসায়ন কার্যক্রমে অংশগ্রহণকারী স্কুলগুলি শিক্ষার্থীর পাঠ্যক্রম সম্পূর্ণ হওয়া NYS লাইসেন্স সেন্টারের মাধ্যমে নিশ্চিত করবে। অনলাইন শংসায়ন কার্যক্রমে অংশগ্রহণ করছে না এমন স্কুলগুলির জন্য আপনার অনলাইন আবেদনপত্রের "NYS পড়াশোনার নিশ্চিতকরণ"-এ অংশে পৌঁছনোর পর আপনার স্কুলের শংসাপত্রটি আপলোড করা আবশ্যক। নির্বাচিত পাঠ্যক্রমের কোড এর ভিত্তিতে সিস্টেম আপনাকে কোন পদ্ধতি প্রয়োজন তা জানাবে।

আপনার আবেদনপত্র পর্যালোচনা ও গ্রহণ করার পর আপনি একটি ইমেল পাবেন যাতে পরীক্ষার প্রক্রিয়া বিশদে ব্যাখ্যা করা থাকবে।

2) নিউ ইয়র্ক স্টেট বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষা (সাময়িক লাইসেন্সের যোগ্য)

আমরা নিউ ইয়র্ক স্টেটে পড়াশোনায় ছাড় দিতে পারি যদি আপনি অন্য কোনো স্টেটের বা দেশের সমতুল্য স্তরে পড়াশোনার নথিপত্র দেখাতে পারেন। আপনার নিম্নলিখিত তিনটি নথির **সবকটিই** জমা দেওয়া আবশ্যক:

(1) স্কুলের একটি শংসাপত্র;

(2) স্কুলের বিষয়গুলির ও সম্পূর্ণ করা ঘণ্টার তালিকার একটি নকল;

এবং

(3) আপনার স্টেটের বোর্ডের থেকে একটি বর্তমান বিশেষ অনুমতির শংসাপত্র **অথবা, লাইসেন্সপ্রাপ্ত না হলে,** আপনার স্টেটের বোর্ডের থেকে একটি বর্তমান শংসাপত্র, যা দাবি করা ঘণ্টা যাচাই করবে।

আপনার আবেদনপত্র পর্যালোচনা ও গ্রহণ করার পর আপনাকে এই স্টেটে ওয়্যাক্সিং এর লাইসেন্স পেতে নিউ ইয়র্ক স্টেটের লিখিত পরীক্ষাও পাশ করতে হবে। আপনি তথ্য পাবেন যাতে পরীক্ষার প্রক্রিয়া বিশদে ব্যাখ্যা করা থাকবে।

3) অভিজ্ঞতা: ***নিউ ইয়র্ক স্টেটের বাইরে 5 বছর***

ওয়্যাক্সিং এর সমতুল্য কোনো পেশায় পাঁচ বছরের আইনসম্মত অভিজ্ঞতা থাকা যে কোনো ব্যক্তি শিক্ষা ও অভিজ্ঞতার সন্তোষজনক প্রমাণ জমা দিয়ে নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সের আবেদন করতে পারেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের ভিতরের অভিজ্ঞতা:

(1) সেই লাইসেন্সিং সংস্থা থেকে একটি মূল শংসায়ন যেখানে এর আগে আপনার লাইসেন্স ছিল।

(2) প্রাক্তন নিয়োগকর্তার, সহকর্মীদের, ক্লায়েন্টদের দ্বারা পূরণ করা দুটি অভিজ্ঞতার বিবৃতি, যাতে দাবি করা হয়েছে যে আপনার সেই স্টেটে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা রয়েছে। এই অভিজ্ঞতার বিবৃতিগুলির মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে **যথাযথ** তারিখ (চাকরি শুরুর মাস ও বছর এবং চাকরি শেষের মাস ও বছর), স্থান (শহর, স্টেট, দোকানের নাম) এবং আপনার দ্বারা সম্পাদিত সুনির্দিষ্ট পরিষেবাগুলি।

(3) করের রিটার্নের একটি **প্রতিলিপি** যেখানে ওয়্যাক্সিং-কে পেশা হিসেবে উল্লেখ করা রয়েছে

মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরের অভিজ্ঞতা:
প্রমাণের অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়:

(1) আপনার দেশের লাইসেন্সিং কর্তৃপক্ষের থেকে পাওয়া সরকারি শংসাপত্র অথবা উপদূতাবাসের থেকে যাচাইকরণ যে আপনার দেশে এই পেশার ব্যবসা করতে লাইসেন্সের প্রয়োজন হয় না।

(2) আপনার দেশের নিয়োগকর্তার(দের) থেকে বিস্তারিত চিঠি যাতে নিযুক্তির **যথাযথ** তারিখ, স্থান ও আপনার দ্বারা সম্পাদিত সুনির্দিষ্ট পরিষেবাগুলি নির্দিষ্ট করা থাকবে।

(3) আপনার দেশের আপনার ক্লায়েন্টের(দের), বা সহকর্মীদের থেকে বিস্তারিত চিঠি যাতে নিযুক্তির **যথাযথ** তারিখ, স্থান ও আপনার দ্বারা সম্পাদিত সুনির্দিষ্ট পরিষেবাগুলি নির্দিষ্ট করা থাকবে।

(4) পাসপোর্টের একটি **প্রতিলিপি** যাতে ওয়্যাক্সিং-কে পেশা হিসেবে উল্লেখ করা থাকবে, ড্রাইভিং লাইসেন্স, ওয়্যাক্সিং এর অভিজ্ঞতা সহ ওয়ার্কবুক অথবা কোনো ফটো পরিচিতি।

(5) পাঠ্যক্রমগুলির এবং আপনার দেশে সম্পূর্ণ করা শিক্ষার ডিপ্লোমা/শংসাপত্রের **প্রতিলিপি**।

(6) করের রিটার্নের একটি **প্রতিলিপি** যেখানে ওয়্যাক্সিং-কে পেশা হিসেবে উল্লেখ করা রয়েছে

আপনার আবেদনপত্র পর্যালোচনা ও গ্রহণ করার পর আপনি পরীক্ষা বা আর কোনো শিক্ষা ছাড়াই নিউ ইয়র্ক স্টেটের ওয়্যাক্সিং এর লাইসেন্স পেতে পারবেন।

4) *নিউ ইয়র্ক স্টেটের আগেকার বিশেষ অনুমতি*

যে ব্যক্তি তার লাইসেন্সে দেওয়া মেয়াদ শেষের তারিখের পাঁচ বছরের মধ্যে একটি পুনর্নবীকরণের আবেদন ও ফি দাখিল করতে ব্যর্থ হবেন তিনি একটি লিখিত পরীক্ষায় পাশ না করা পর্যন্ত সেই লাইসেন্স পাওয়ার অযোগ্য থাকবেন। আগেকার বিশেষ অনুমতির প্রমাণ প্রয়োজন হতে পারে।

আমি কি অন্য কোনো স্টেটে আমার বিশেষ অনুমতির ভিত্তিতে একটি ওয়্যাক্সিং এর লাইসেন্স প্রাপ্ত করতে পারি?

না। এই মুহূর্তে নিউ ইয়র্ক স্টেটের অন্য কোনো স্টেটের সঙ্গে কোনো পারস্পরিক চুক্তি নেই।

আমাকে কেন কাগজের আবেদনপত্রে আমার ইমেল অ্যাড্রেস প্রদান করতে হবে?

আপনার ইমেল অ্যাড্রেসটি আপনার NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট তৈরি করতে ব্যবহার করা হবে। বেশিরভাগ আদানপ্রদান ইমেল মারফৎ করা হবে। আপনি ভবিষ্যতে আপনার ইমেল অ্যাড্রেস বদলালে আপনাকে নিজের অ্যাকাউন্টে লগ ইন করতে ও সেটিকে আপনার নতুন ইমেল অ্যাড্রেস দিয়ে আপডেট করতে হবে।

একবার আমার আবেদন অনুমোদিত হওয়ার পর আমি কীভাবে আমার পরীক্ষার সময়সূচি নির্ধারণ করবো?

পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা কেবল আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমেই উপলব্ধ হবে। আপনার আবেদন অনুমোদিত হওয়ার পর একটি ইমেল পাবেন যার দ্বারা আপনাকে জানানো হবে যে আপনি এখন আপনার পরীক্ষার সময়সূচি নির্ধারণ করতে পারেন। আপনি অনলাইনে NYS লাইসেন্স সেন্টার মারফৎ আবেদন করে থাকলে আপনি নিজের পরীক্ষার সময়সূচি নির্ধারণ করতে নিজের অ্যাকাউন্টে লগ ইন করতে পারবেন। আপনি লাইসেন্সিং পরিষেবা শাখায় একটি কাগজের আবেদনপত্র জমা দিয়ে আবেদন করে থাকলে আপনি আপনার আবেদনপত্রে যে ইমেল অ্যাড্রেস দিয়েছেন সেখানে ইমেলটি পাঠানো হবে। আপনি আপনার বিশেষ পরীক্ষার ব্যবস্থার প্রয়োজনীয়তার কথা নির্দেশ করে থাকলে লাইসেন্সিং পরিষেবা শাখার একজন প্রতিনিধি আপনার জন্য আপনার পরীক্ষার সময়সূচি নির্ধারণ করতে আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

আমি কি স্টেটের পরীক্ষা পাশ করার আগে কাজ করতে পারি?

হ্যাঁ। পরীক্ষার প্রক্রিয়া সম্পূর্ণ করাকালীন আপনি কাজ করতে চাইলে একটি ছয়মাসের সাময়িক লাইসেন্স পাওয়া যাবে ($10 ফি)। কেবলমাত্র নিউ ইয়র্ক স্টেটে বা মার্কিন যুক্তরাষ্ট্রে শিক্ষা প্রাপ্ত করার ভিত্তিতে আবেদন করেছেন এমন আবেদনকারীরাই সাময়িক বিশেষ অনুমতির যোগ্য।

বিশেষ অনুমতির ফি কত ও শর্তগুলি কী কী?

$40 - মূল আবেদনের লাইসেন্স ফি (সকল আবেদনকারীর জন্য)। যে আবেদনকারীদের পরীক্ষা পাশ করতে হবে না তাদের জন্য (যেমন, 5 বছরের আইনসম্মত অভিজ্ঞতার ভিত্তিতে আবেদন করলে) এটাই একমাত্র ফি যা প্রদান করতে হবে।

$10 - 6 মাসের সাময়িক লাইসেন্স ফি।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: একটি মূল আবেদনপত্রের ও একটি সাময়িক লাইসেন্সের জন্য আবেদন করলে আপনাকে একবার $50 আবেদনের ফি জমা দিতে হবে। পৃথকভাবে আবেদনের ফি জমা দেওয়ার প্রয়োজন নেই।

বিশেষ অনুমতির মেয়াদ চার বছর। সাময়িক লাইসেন্সের মেয়াদ 6 মাস।

$15 - পরীক্ষার ফি (আপনি আপনার পরীক্ষার সময়সূচি অনলাইনে নির্ধারণ করার সময় সংগ্রহ করা হবে)

আপনারা কী প্রকারে অর্থপ্রদান গ্রহণ করেন?

আপনি স্টেট বিভাগের প্রতি প্রদেয় চেক বা মানি অর্ডার মারফৎ অর্থপ্রদান করতে পারেন অথবা আমেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা মারফৎ, একটি ক্রেডিট কার্ড অনুমোদন ফর্ম ব্যবহার করে অথবা যখন আপনি অনলাইনে আবেদন করেন। নগদ অর্থ পাঠাবেন না। আবেদনের ফি অ-ফেরতযোগ্য। আপনার ব্যাঙ্ক যদি চেক ফেরত দেয় তাহলে $20 ফী দাবি করা হবে।

আমার কি লাইসেন্স পেতে একটি শারীরিক পরীক্ষা করানোর দরকার আছে?

হ্যাঁ। স্বাভাবিক ওয়্যাক্সিং এর জন্য আবেদন করতে আপনাকে একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করাতে হবে। আপনি অনলাইনে আবেদন করলে আপনার **চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা পেশাদার নার্স**-কে আবেদনপত্রের স্বাস্থ্যের শংসায়ন অংশটি অথবা স্বাস্থ্যের শংসায়ন ফর্ম (DOS-1948) পূরণ করা ও তারিখ দেওয়া আবশ্যক। আপনার নিজের আবেদনটি শংসায়নের স্বাক্ষর করার ও তারিখ দেওয়ার 30 দিনের মধ্যে জমা দেওয়া আবশ্যক।

শিশু সহায়তা বিবৃতি

আপনার কোনো সন্তান বা কোনো সমর্থনের বাধ্যবাধকতা থাকা ব্যতিরেকে নিউ ইয়র্ক স্টেটে (সাধারণ বাধ্যবাধকতার আইন) একটি শিশু সহায়তা বিবৃতি দেওয়া বাধ্যতামূলক। **চার মাস বা তার বেশি সময় ধরে শিশু সহায়তা বকেয়া রয়েছে এমন যে কোনো ব্যক্তি তার ব্যবসায়িক, পেশাদারী ও ড্রাইভিং লাইসেন্স স্থগিতকরণ সাপেক্ষ হতে পারেন।** সহায়তার বাধ্যবাধকতার আইনসম্মত বলবৎকরণকে হতাশ বা পরাস্ত করার উদ্দেশ্যে দেওয়া ইচ্ছাকৃত লিখিত মিথ্যা বিবৃতি জমা দেওয়া ফৌজদারি আইনের §175.35 অধীনে শাস্তিযোগ্য। কোনো স্টেটের বা স্থানীয় সরকারের কাছে প্রতারণার অভিপ্রায়ে মিথ্যা দলিল পেশ করা E-শ্রেণীর গুরুতর অপরাধ।

অনলাইন পরিষেবাগুলি সম্পর্কিত তথ্য:

দ্রুততর ও সহজতর প্রক্রিয়ার জন্য, লাইসেন্সিং পরিষেবা শাখা আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে উৎসাহ দেয়। অনলাইন পরিষেবার ব্যবহার আপনার আবেদন ও আপডেটের পরিবর্তনের সময়কে দ্রুততর করে এবং এবং এটা আপনাকে গোটা লাইসেন্স প্রক্রিয়া ধরে আপনার লাইসেন্সের রেকর্ড দেখার ও তাতে প্রবেশের সুযোগ করে দেয়।

আরও সম্পূর্ণ নির্দেশ ও অন্যান্য অনলাইন তথ্যের জন্য এখানে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

অনলাইনে কী ধরণের লেনদেন ও তথ্য পাওয়া যায়?

- একটি প্রাথমিক আবেদনপত্র সম্পূর্ণ করা
- একটি আবেদনের স্থিতি দেখা
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করা
- একটি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা ও ফলাফল দেখা
- একটি লাইসেন্সের স্থিতি দেখা
- লাইসেন্সের তথ্য সংশোধন করা
- একটি লাইসেন্সের নকলের অনুরোধ করা

আমি কীভাবে NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর মধ্যে একটি অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করবো?

NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর মধ্যে একটি অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করতে আপনার প্রথমে My NY.gov -এ রেজিস্টার করা আবশ্যক।

আপনি বর্তমানে My NY.gov -এ রেজিস্টার্ড না হলে এখানে My NY.gov এর রেজিস্ট্রেশন সাইটে যান https://aca.licensecenter.ny.gov/aca/ এবং 'আমার একটি NY.gov আইডির প্রয়োজন' সংযোগে ক্লিক করুন ও My NY.gov এর জন্য রেজিস্ট্রেশন করতে অনুসরণ করুন। একবার আপনি My NY.gov -এ রেজিস্টার্ড হয়ে গেলে My NY.gov -এ আপনার কাছে উপলব্ধ বিকল্পগুলি থেকে NYS লাইসেন্স সেন্টারটি নির্বাচন করুন। NYS লাইসেন্স সেন্টারে ডানদিকের উপরের কোণে 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' সংযোগটিতে ক্লিক করুন। প্রয়োজনীয় ফিল্ডগুলি পূরণ করুন ও এই ডেটা আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে তৈরি যাবতীয় নতুন আবেদনে আগে থেকেই বসে যাবে। একবার এই ডেটা সম্পূর্ণ করে ও সেভ করে ফেললে পর অগ্রসর হতে 'হোম' ট্যাবে ক্লিক করুন।

আমার ইতিমধ্যেই একটি My NY.gov অ্যাকাউন্ট থাকলে কী হবে?

আপনি ইতিমধ্যেই My NY.gov -এ রেজিস্টার্ড হয়ে থাকলে My NY.gov -এ যান ও সাইন ইন করুন, তারপর আপনার কাছে উপলব্ধ বিকল্পগুলি থেকে NYS লাইসেন্স সেন্টারটি নির্বাচন করুন। এটি আপনার NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট তৈরি করে দেবে। NYS লাইসেন্স সেন্টারে ডানদিকের উপরের কোণে 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' সংযোগটিতে ক্লিক করুন। প্রয়োজনীয় ফিল্ডগুলি পূরণ করুন ও এই ডেটা আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে তৈরি যাবতীয় নতুন আবেদনে আগে থেকেই বসে যাবে। একবার এই ডেটা সম্পূর্ণ করে ও সেভ করে ফেললে পর অগ্রসর হতে 'হোম' ট্যাবে ক্লিক করুন।

আমি কীভাবে NYS লাইসেন্স সেন্টারে একটি লাইসেন্সের আবেদন করবো?

NYS লাইসেন্স সেন্টারে একটি লাইসেন্সের আবেদন করতে আপনার একটি অ্যাকাউন্ট তৈরি করা বা আপনার বিদ্যমান অ্যাকাউন্টে লগইন করা আবশ্যক। অনলাইনে আপনার লাইসেন্সের আবেদন করতে এই ধাপগুলি অনুসরণ করুন:

- একটি অ্যাকাউন্টে রেজিস্টার করুন বা আপনার অ্যাকাউন্টে লগইন করুন (উপরের "আমি কীভাবে NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর মধ্যে একটি অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করবো" দেখুন)'
- একবার NYS লাইসেন্স সেন্টারে লগইন করার পর আপনি 'হোম' ট্যাবে 'একটি নতুন লাইসেন্স বা পারমিটের জন্য আবেদন করুন' নির্বাচন করুন
- অনলাইনে প্রদত্ত আবেদনের নির্দেশগুলি অনুসরণ করুন
- কোনো সমর্থনকারী নথিপত্র থাকলে তা আপলোড করুন
- অর্থপ্রদান করুন ও নিশ্চিতকরণের পৃষ্ঠাটি মুদ্রিত করুন

আপনি নিজের অ্যাকাউন্টে লগইন করতে ও আপনার আবেদনের স্থিতি দেখতে পারবেন।

আমি কীভাবে অনলাইনে একটি অতিরিক্ত লাইসেন্স তৈরি করবো?

একটি অতিরিক্ত লাইসেন্সের আবেদন করতে আপনার অ্যাকাউন্টে লগইন করুন ও 'আমার লাইসেন্সগুলি নিয়ন্ত্রণ করুন' ট্যাবে ক্লিক করুন ও তারপর 'এখনই আবেদন করুন! একটি নতুন লাইসেন্স বা পারমিটের জন্য' সংযোগে ক্লিক করুন। নিয়ম ও শর্তাবলী পড়ে নিন ও গ্রহণ করুন এবং সিস্টেম সেখান থেকে আপনাকে গাইড করবে।

আমি কীভাবে অনলাইনে লাইসেন্সের পুনর্নবীকরণ করাবো?

আপনার বিদ্যমান NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট থাকলে আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তিনমাস আগে আপনি ইমেল মারফৎ একটি পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি পাবেন। এই ইমেলে আপনার অ্যাকাউন্টের একটি সংযোগ রয়েছে। সংযোগটিতে ক্লিক করুন ও পুনর্নবীকরণের আবেদনের মধ্যে দিয়ে অগ্রসর হোন।

আপনার বিদ্যমান NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট না থাকলে আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তিনমাস আগে আপনি ইমেল মারফৎ একটি পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি পাবেন। এই বিজ্ঞপ্তিটিতে কীভাবে একটি NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট তৈরি করবেন তার নির্দেশ দেওয়া রয়েছে।

অনলাইন ব্যবস্থায় আমার ব্যবহারকারীর আইডি কী হবে?

আপনি My NY.gov -এ আপনার অ্যাকাউন্ট তৈরি করার সময়ই আপনি একটি অনন্য ব্যবহারকারীর আইডি তৈরি করবেন ও আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করবেন। তারপর আপনি আপনার অ্যাকাউন্টে এই ব্যবহারকারীর আইডি মারফৎ প্রবেশ করতে পারবেন।

আমি কীভাবে আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্য আপডেট করবো?

দুটি স্থান রয়েছে যেখানে আপনাকে আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্য আপডেট করতে হয়। আপনাকে আপনার ডেটা My NY.gov -এ ও আপনার NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্টে আপডেট করতে হবে।

My NY.gov -এ, অ্যাকাউন্ট নিয়ন্ত্রণের তথ্যের জন্য প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।

আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে লগইন করুন ও আপনি সবচেয়ে উপরের সারিতে 'আমার লাইসেন্সগুলি নিয়ন্ত্রণ করুন' শিরোনামের সংযোগটি দেখতে পাবেন। সেখান থেকে আপনি একটি যোগাযোগ পরিবর্তন সংশোধন সম্পূর্ণ করে আপনার অ্যাকাউন্ট আপডেট করতে পারবেন।

আমি অনলাইলে আবেদন করলে আমি কীভাবে বিভাগকে আমার শারীরিক পরীক্ষার সম্পর্কে জানাবো?

ওয়্যাক্সিং এর জন্য আবেদন করতে সকল আবেদনকারীকে একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করাতে হবে। এই লাইসেন্সের আবেদনটি একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা পেশাদার নার্স এর দ্বারা পরীক্ষা করানোর পর 30 দিনের মধ্যে জমা দেওয়া আবশ্যক এবং আবেদনপত্রে তাদের নাম ও যোগাযোগের তথ্য থাকা আবশ্যক। স্বাস্থ্যের শংসায়ন ফর্ম (DOS-1948) সম্পূর্ণ করা আবশ্যক এবং তা স্টেট বিভাগের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

আপনার NYS লাইসেন্স সেন্টার ব্যবহার করে করা অনলাইন আবেদনপত্রে আপনার সম্পূর্ণ করা স্বাস্থ্যের শংসায়ন ফর্ম এর তথ্য কাজে লাগানো আবশ্যক। আপনার এই ফর্মটি থেকে সিস্টেমের মধ্যেকার স্বাস্থ্যের শংসায়নের ক্ষেত্রগুলিতে তথ্য প্রবেশ করানোর প্রয়োজন।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: এই সম্পূর্ণ করা স্বাস্থ্যের শংসায়ন ফর্মটি এই প্রয়োজনীয়তা প্রতিপালনের জন্য একজন অনুসন্ধানকারীর দ্বারা হিসাবপরীক্ষা সাপেক্ষ। হিসাবপরীক্ষার উদ্দেশ্যে আপনার কাজের জায়গায় এই ফর্মের প্রমাণপত্র রাখা আবশ্যক।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

আমাকে কি আমার আবেদনে আমার সোশ্যাল সিকিউরিটি ও যুক্তরাষ্ট্রীয় আইডি নম্বরগুলি প্রদান করতে হবে?

হ্যাঁ, আপনার কাছে সোশ্যাল সিকিউরিটি নম্বর বা যুক্তরাষ্ট্রীয় আইডি নম্বর থাকলে আপনার সেই নম্বর জানানো আবশ্যক। আপনার কাছে সোশ্যাল সিকিউরিটি নম্বর বা যুক্তরাষ্ট্রীয় আইডি নম্বর না থাকলে অনুগ্রহ করে একটি লিখিত ব্যাখ্যা দিন।

স্টেট বিভাগের থেকে সকল লাইসেন্স প্রাপকের যুক্তরাষ্ট্রীয় সোশ্যাল সিকিউরিটি নম্বর ও নিয়োগকর্তার পরিচিতি নম্বর সংগ্রহ করার প্রয়োজন। এই ধরণের ব্যক্তিগত তথ্যের অনুরোধ করার ও বজায় রাখার কর্তৃত্ব কর আইনের §5 ও সাধারণ বাধ্যবাধকতা আইনের §3-503-এ পাওয়া যাবে। আপনার এগুলি প্রকাশ করা বাধ্যতামূলক। এই তথ্য করারোপ ও অর্থ বিভাগকে সেই ব্যক্তি, ব্যবসা ও অন্যদের সনাক্ত করতে সক্ষম করে যারা করের রিটার্ন দাখিল করায় অপরাধী অথবা নিজেদের করের দায়কে অবমূল্যায়িত করেছেন এবং এবং তা সাধারণতঃ করারোপ ও অর্থ কমিশনারের দ্বারা প্রশাসিত করের দ্বারা প্রভাবিত ব্যক্তিদের সনাক্ত করে। এটি কর প্রশাসনের ও কর আইনের দ্বারা অনুমোদিত অন্যান্য উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং এটি শিশু সহায়তা বলবৎকরণ সংস্থা বা তাদের অনুমোদিত প্রতিনিধিদের অথবা অন্যান্য স্টেটের প্রতিষ্ঠিত সোশ্যাল সিকিউরিটি আইনের শিরোনাম IV-D অনুসারেও ব্যবহার করা হতে পারে একটি সহায়তার আদেশ প্রতিষ্ঠা, পরিবর্তন বা বলবৎ করতে, কিন্তু তা জনগণের জন্য উপলব্ধ হবে না। যেখানে নম্বর প্রদান করা হয়েছে সেখানে একটি লিখিত ব্যাখ্যারও প্রয়োজন রয়েছে। এই তথ্য প্রশাসন ও ব্যবস্থাপনা পরিচালকের দ্বারা লাইসেন্সিং তহত্য ব্যবস্থায়, One Commerce Plaza, 99 Washington Avenue, Albany, NY 12231-0001-তে ধরে রাখা হবে।

আপনি কি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান?

অনুগ্রহ করে www.elections.ny.gov/votingregister.html-তে NY State Board of Elections গিয়ে দেখুন
অথবা **1-800-FOR-VOTE** কল করে NYS ভোট দাতার নিবন্ধন পত্রটির জন্য অনুরোধ জানান।

FOR OFFICE USE ONLY | APPLICATION NUMBER AEW-A-____ - ______________ | FEE $40 or $50

New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

ওয়্যাক্সিং এর আবেদন

এই আবেদনপত্রটি পূরণ করার আগে নির্দেশগুলি পড়ে নিন। আপনার প্রতিটি প্রশ্নের উত্তর দেওয়া ও মুদ্রিত করা আবশ্যক।

কালি দিয়ে লেখা প্রতিক্রিয়া।

অনুগ্রহ করে নীচের যোগ্য পছন্দগুলির মধ্যে একটি নির্বাচন করুন।

আমি এই ভিত্তিতে বিশেষ অনুমতিপত্র গ্রহণ ($40 আবেদনের ফি দেওয়ার প্রয়োজন) করার জন্য আবেদন করছি:

_______ 1 New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশন (75 ঘন্টা অধ্যয়নের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করা হয়েছে)

_______ 2. আগেকার নিউ ইয়র্ক ওয়্যাক্সিং এর বিশেষ অনুমতিপত্র – লাইসেন্স UID # ______________________ মেয়াদ শেষ হওয়ার তারিখ ______________

_______ 3 New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষালাভ (অস্থায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য)

_______ 4. অভিজ্ঞতা: New York State বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে 5 বছর রাজ্য ________________ দেশ ______________

আপনি উপরের পছন্দ 1, 2 বা 3 নির্বাচন করে থাকলে আপনি একটি ছয়মাসের সাময়িক লাইসেন্সের আবেদন করতে পারেন (অতিরিক্ত $10 ফি দেওয়ার প্রয়োজন) যা আপনাকে কারবার চালিয়ে যাওয়ার সময় নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষা দেওয়ার সুযোগ করে দেয়।

_______ **আমি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের অনুরোধ করছি। ($40 + $10 = $50 আবেদনের ফী দিতে হয়)**

আপনি উপরের পছন্দ 1, 2 বা 3 নির্বাচন করে থাকলে আপনার আবেদন অনুমোদনের পর আপনাকে পরীক্ষার একটি সময়সূচি নির্ধারণ করার সংযোগ ইমেল করে দেওয়া হবে।

_______ **আমার পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্ত প্রয়োজন**

আপনার শেখার প্রতিবন্ধকতা অথবা কোনো শারীরিক, মানসিক বা মনস্তাত্বিক প্রতিবন্ধকতা থেকে থাকলে এবং বিশেষ ধরণের পরীক্ষা ব্যবস্থার অনুরোধ করলে আপনার আবেদনের সঙ্গে একটি সম্পূর্ণ পূরণ করা “বিশেষ ধরণের পরীক্ষা ব্যবস্থার অনুরোধ” এর ফর্ম (DOS-1591) জমা দেওয়া আবশ্যক। এছাড়াও আপনার ডাক্তার, অন্য যোগ্য পেশাদারের কাছ থেকে সহায়ক দলিল অথবা স্কুল বা অন্য প্রতিষ্ঠানে আগেকার উপযোজনের প্রমাণ জমা করতে হবে যাতে আপনার অবস্থার বর্ণনা এবং যে পরিবর্ধনের অনুরোধ করা হয়েছে তার ব্যাখয়া জানাতে হবে। আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনার পরীক্ষার সময় স্থির করার জন্য NYS-এর একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন।

আবেদকের তথ্য

প্রথম নাম	পদবী	মাঝের নাম	প্রত্যয়

বাড়ির ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)	সুইট, অ্যাপা. ইউনিট

শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ

চিঠি পাঠানোর ঠিকানা (এখানে পিও বক্স প্রদান করুন)

শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ

ই-মেল অ্যাড্রেস	সোশাল সিকিওরিটি নম্বর	ফেডেরাল ট্যাক্সপেয়ার আইডি

জন্ম তারিখ	বাড়ির ফোন	মোবাইল ফোন	কর্মস্থলের ফোন

স্বাস্থ্যের শংসায়ন – আপনার নিজের শারীরিক পরীক্ষার পরের **30 দিনের** মধ্যে এই আবেদনপত্রটি জমা দেওয়া আবশ্যক।

আমি একজন যথাযথ লাইসেন্সধারী চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা পেশাদার নার্স এবং এই অবেদনে যে ব্যক্তির নাম দেওয়া হয়েছে তারিখে ____________________ (*শারীরিক পরীক্ষার তারিখ*)। তার রুটিন শারীরিক পরীক্ষা চলাকালীন আমি কোনোরকম সংক্রামক বা সংক্রমণযোগ্য রোগের উপস্থিতির প্রমাণ পাইনি যা আচরণকারীর পেশাগত আচরণের ফলে জনগণের সদস্যদের পক্ষে উল্লেখযোগ্য ঝুঁকি বা সরাসরি আশঙ্কা সৃষ্টি করে।

চিকিৎসকের নাম মুদ্রিত করুন ____________________

কাজের জায়গার ঠিকানা ____________________

____

ডাক্তারের স্বাক্ষর ____________________ *তারিখ* ____________________

শিশু সহায়তা বিবৃতি

এই আবেদনপত্রে স্বাক্ষর করার দ্বারা আমি শংসিত করছি যে, এই আবেদনের তারিখে, আমি কোনো শিশু সহায়তা প্রদানের বাধ্যবাধকতার অধীন নই **অথবা** আমি কোনো শিশু সহায়তা প্রদানের বাধ্যবাধকতার অধীন হলে আমার চারমাস বা তার বেশি সময়ের শিশু সহায়তার অর্থ বকেয়া নেই অথবা আমি আয় নির্বাহ মারফৎ বা আদালতে সম্মত অর্থরাশির দ্বারা বা পরিশোধ পরিকল্পনার দ্বারা বা পক্ষসমূহের দ্বারা সম্মত হওয়া পরিকল্পনার দ্বারা অর্থপ্রদান করছি অথবা আমার শিশু সহায়তা আদালতে বকেয়া থাকা মামলা সাপেক্ষ অথবা আমি সরকারি সহায়তা বা পরিপূরক নিরাপত্তা আয় প্রাপ্ত করছি।

আবেদনকারীর শপথ – আমি মিথ্যা হলফের শাস্তির অধীনে শপথ করছি যে, এই আবেদনপত্রে দেওয়া বিবৃতিগুলি সত্য ও সঠিক। আমি আরও শপথ করছি যে, আমি সাধারণ ব্যবসায়িক আইনের ধারা 27 ও তার অধীনে ঘোষিত নিয়ম ও প্রবিধানগুলির বিধিসমূহ পড়েছি ও বুঝেছি।

X____________________ ____________________

আবেদনকারীর স্বাক্ষর *তারিখ*

আপনি যদি New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশনের ভিত্তিতে আবেদন করেন, আপনার স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের নিম্নোক্ত অংশ পূরণ করে দিতে হবে:

নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত স্কুলের নিশ্চিতকরণ

স্কুলের নাম		
স্কুলের ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)		
শহর	রাজ্য	জিপ+4
স্কুলের কারিকুলাম কোড (NYS ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা নির্ধারিত পাঁচ সংখ্যার কোড)		
স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের সম্পূর্ণ নাম (মুদ্রিত)	খেতাব (ডায়রেক্টার বা প্রিন্সিপাল)	
আবেদকের সম্পূর্ণ নাম (মুদ্রিতা)		

ওয়্যাক্সিং এর আবেদন

আমি সম্মতি দিচ্ছি ও মিথ্যা হলফের শাস্তির অধীনে শপথ করছি যে, উপরোক্ত স্কুলটি শিক্ষা আইন §5001 সাপেক্ষে যথাযথ এবং/বা State of New York-এর বোর্ড অফ রিজেন্টসের দ্বারা অনুমোদিত। এই আবেদনে যে ব্যক্তির নামোল্লেখ আছে তিনি *(তারিখে)* ____________________________ সফলভাবে 75 ঘন্টা অধ্যয়নের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করেছেন।

____ ______________________________

স্কুলের পরিচালকের/ অধ্যক্ষের স্বাক্ষর *তারিখ:*

স্কুলের সীলমোহর

অনুগ্রহ করে এই আবেদনের সঙ্গে মনে করে আপনার আবেদনের ফী (যা NYS ডিপার্টমেন্ট অফ স্টেটকে দিতে হবে) — আবেদন এবং অস্থায়ী লাইসেন্সের জন্য $50; বা শুধু আবেদনের জন্য $40

ছাড়াও প্রয়োজনমত ব্যাখ্যা এবং বিবৃতি জমা করবেন। আপনার ব্যাঙ্ক যদি চেক ফেরত দেয় তাহলে $20 ফী দাবি করা হবে। আপনি চাইলে ক্রেডিট কার্ডের দ্বারা অর্থপ্রদান করতে পারেন, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে যান www.dos.ny.gov একটি ক্রেডিট কার্ডের অনুমোদন ফর্ম প্রাপ্ত করতে, যা পূরণ করতে ও এই আবেদনপত্রের সঙ্গে ফেরত পাঠাতে হবে।

আপনার বাসস্থান এবং ইমেল অ্যাড্রেসে কোন পরিবর্তন হলে বিভাগকে তার ব্যাপারে জানিয়ে দেওয়া জরুরী যাতে আপনি পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি এবং আপনার এই লাইসেন্স সম্বন্ধীয় অন্য কোনো বিজ্ঞপ্তি পেতে পারেন।